রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৩, ২০২৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

**বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট**
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/০২ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-৩০৩-আইন/২০২৩।**—বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট আইন, ২০১২ (২০১২ সনের ১৮ নং আইন) এর ধারা ১৭, ধারা ১০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিলের—

(১) ক্রমিক নং ৭ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৭ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে :</u><br>(ক) বৈজ্ঞানিক কর্মকর্তা বা প্রশিক্ষক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিজ্ঞান বিষয়ক জার্নালে ৩ (তিন) টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে। |


মূল্য : টাকা ৮.০০

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u><br>(ক) পুষ্টি বা খাদ্য ও পুষ্টি পরিকল্পনা বা গার্হস্থ্য অর্থনীতি বা ফুড টেকনোলজি বা প্রাণ রসায়ন বা কৃষি বা উদ্ভিদ বিজ্ঞান বা মৎস্য বা পশুপালন বা পরিসংখ্যান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা মাস্টার অফ ফিলসফি (এমফিল) অথবা মাস্টার অফ প্রফেশনাল স্টাডিজ (এমপিএস) ডিগ্রি;<br>(খ) সরকারি বা আধা সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণির পদে ১২ (বারো) বৎসরের চাকুরি; তবে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য;<br>(গ) বিজ্ঞান বিষয়ক জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে; এবং<br>(ঘ) শিক্ষা জীবনে ১ টিতে প্রথম বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে; তবে কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হইবে না। ”; |

(২) ক্রমিক নং ১০ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১০ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

| | | | | |
|---|---|---|---|---|
| “ ১০। | বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ২০% পদ পদোন্নতির মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা বা সহকারী প্রশিক্ষক পদে ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) পুষ্টি বা খাদ্য ও পুষ্টি পরিকল্পনা বা গার্হস্থ্য অর্থনীতি বা ফুড টেকনোলজি বা প্রাণ রসায়ন বা কৃষি বা উদ্ভিদ বিজ্ঞান বা মৎস্য বা পশুপালন বা পরিসংখ্যান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা মাস্টার অফ ফিলসফি (এমফিল) অথবা মাস্টার অফ প্রফেশনাল স্টাডিজ (এমপিএস) ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনে ১ টিতে প্রথম বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে; তবে কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হইবে না। ”; |

(৩) ক্রমিক নং ১৮ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১৮ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮। | সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>ল্যাব সহকারী বা মাঠ সহকারী পদে ৭ (সাত) বৎসরের চাকুরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা কৃষি বা মৎস্য বা পশুপালন বিষয়ে ডিপ্লোমা। |

”;

(৪) ক্রমিক নং ২১ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২১ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“

| | | | | |
|---|---|---|---|---|
| ২১। | সহকারী প্রশিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বিজ্ঞানে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা কৃষি বিষয়ে ডিপ্লোমা। |

”।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের আদেশক্রমে

**মোঃ আব্দুল ওয়াদুদ**
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
বারটান প্রধান কার্যালয়
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd